আইপিএলে আজ

মুম্বই ইন্ডিয়ান্স বনাম
কিংস ইলেভেন পাঞ্জাব
সময় ঃ রাত ৮টা, মুম্বই

বকেয়া মেটানোর আশ্বাস মোহনবাগান ফুটবলারদের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৫ মে ঃ দীর্ঘ টালবাহানার পর বকেয়া বেতন পাওয়ার আশ্বাস পেলেন মোহনবাগান কোচ-ফুটবলাররা। বৃহস্পতিবার থেকে তাদের টাকা দেওয়ার প্রক্রিয়া শুরু হবে বলে জানিয়েছেন অঞ্জন মিত্র গোষ্ঠীর কর্তারা। সেদিনই মোহনবাগান ক্লাবে কর্মসমিতির সভাও রয়েছে। প্রায় মাসখানেক আগে সবুজ-মেরুন ক্লাবের মরশুম শেষ হলেও বকেয়া না পেয়ে দেশে ফিরতে পারেননি ডিপান্ডা ডিকা। যদিও এদিনের প্রীতিভোজ ও আলোচনার পরে ডিকা অবশ্য জানালেন, 'বকেয়া অর্থ নিয়ে কোনো আলোচনা হয়নি।' ক্লাব ছাড়ার আগে কোচ শংকরলাল চক্রবর্তী কোনো কথা না বললেও সিনিয়র ফুটবলার শিলটন পাল জানালেন, 'দিন পনেরোর মধ্যে বকেয়া মিটিয়ে দেওয়ার কথা জানানো হয়েছে।' কিছুদিনের মধ্যে প্রাপ্য টাকা পেয়ে যাবেন আশা রেখে দেশে ফেরার প্রস্তুতি শুরু করেছেন ডিকা। আগামী মাসে বা জুলাইয়ের শুরুতে সন্তানের পিতা হতে চলেছেন মোহনবাগানের এই স্ট্রাইকার। সন্তানসম্ভবা স্ত্রীর পাশে থাকার জন্য দেশে ফিরলেও কলকাতা লিগের শুরু থেকেই মোহনবাগানের জার্সিতে খেলার ইচ্ছাপ্রকাশ করে গেলেন ডিকা। পাশাপাশি মোহনবাগান জার্সিতে আই লিগ জেতার বাসনা নিয়েই ক্লাবে আরও একটি মরশুম থেকে গিয়েছেন বলেই জানান ডিকা, কিংসলে।

ফুটবল সচিবের দায়িত্ব পাওয়া স্বপন (বাবুন)বন্দ্যোপাধ্যায় এদিন কলকাতায় থাকা ফুটবলার ও কোচদের প্রীতিভোজ ও আলোচনায় ডেকেছিলেন ক্লাবে। ক্লাব সচিব অঞ্জন মিত্র ঘনিষ্ঠ কর্মসমিতির বেশ কিছু সদস্যের পাশাপাশি উপস্থিত ছিলেন সদ্য আমন্ত্রিত শিশির ঘোষও। কোচ শংকরলাল চক্রবর্তী, গোলরক্ষক কোচ অর্পণ দে ছাড়াও শিলটন পাল, ডিপান্ডা ডিকা, কিংসলে, অরিজিৎ বাগুইয়ের মতো ফুটবলাররা উপস্থিত হয়েছিলেন। ছিলেন নতুন মরশুমে সবুজ-মেরুন জার্সি পরে খেলতে চলা তীর্থঙ্কর সরকার, জিতেন মুর্মুরা। ফুটবলার-কোচেদের সঙ্গে আলোচনাতেই আগের মরশুমের খেলোয়াড়দের বকেয়া মিটিয়ে দেওয়ার কথা জানানো হয়েছে, বলেন ফুটবল সচিব। স্বপন বন্দ্যোপাধ্যায় জানান, 'বৃহস্পতিবার থেকে বকেয়া টাকা মেটানোর কাজ শুরু হবে। অঞ্জন মিত্রের দেওয়া যে বার্তা ফুটবলারদের জানানো হয়েছে। এএফসি-র নিয়ম অনুযায়ী ৩১ মে-র মধ্যেই ফুটবলাররা তাদের প্রাপ্য টাকা পেয়ে যাবেন।'

ফুটবলারদের পেপটক দেওয়ার পর কর্মসমিতির সদস্যদের সঙ্গে আলোচনায় বসেছিলেন মোহনবাগান প্রাক্তনী শিশির ঘোষ। আগামী দিনে অঞ্জন শিবিরের পক্ষে নির্বাচনে ফুটবল সচিবের পদে বা টেকনিকাল কমিটিতে তাকে দেখা যাবে কিনা জানতে চাইলে সরাসরি কিছু বলতে চাইলেন না। শিশির ঘোষের মন্তব্য, 'মোহনবাগান ক্লাবের জন্য যদি কিছু করতে হয়, তাহলে নিশ্চয়ই করব। এখন তো মাঠে নেমে খেলতে পারব না, তাই মাঠের বাইরে থেকে যদি কোনোভাবে ক্লাবকে সাহায্য করতে পারি অবশ্যই সেই চেষ্টা করব। তবে নির্বাচনে লড়ব কিনা, সেটা তো সময়ই বলবে।' এদিকে, অঞ্জন মিত্র গোষ্ঠী আপাতত ক্লাবে স্পনসর আনার চেষ্টা করছে বলে দাবি করে। পাশাপাশি হকি লিগের পর বেহাল অবস্থায় থাকা মোহনবাগান মাঠ মেরামত করে জুলাইয়ের শুরু থেকে অনুশীলন শুরুর পরিকল্পনার কথাও জানানো হয়।

সবুজ-মেরুন কোচ শংকরলাল চক্রবর্তীর সঙ্গে আলোচনায় ডিপান্ডা ডিকা। ছবি ঃ ডি মণ্ডল

প্রত্যাশিতভাবেই পুনর্নির্বাচিত মনোহর

দুবাই, ১৫ মে ঃ সব ঠিক হয়েই ছিল। একমাত্র কাঁটা ছিল ভারতীয় ক্রিকেট বোর্ডের আপত্তি। শেষপর্যন্ত যোগ্য বিকল্প প্রার্থী না পাওয়ার ফলে আইসিসি-র চেয়ারম্যান পদে দ্বিতীয় দফার জন্য বিনা প্রতিদ্বন্দ্বিতায় পুনর্নির্বাচিত হলেন শশাঙ্ক মনোহর। আগামী দুই বছরের জন্য ক্রিকেটের নিয়ামক সংস্থার স্বাধীন চেয়ারম্যানের দায়িত্ব সামলাবেন তিনি। আইসিসি-র ইতিহাসে তিনিই প্রথম চেয়ারম্যান হয়েছিলেন। দ্বিতীয় দফার জন্য একই পদে থেকে যাওয়ার ফলে মনোহরই প্রথম আইসিসি চেয়ারম্যান হিসেবে নয়া নজির গড়লেন। দিন কয়েক আগে কলকাতায় আইসিসি বোর্ড মিটিংয়ের সময়ই স্পষ্ট হয়ে গিয়েছিল ভারতীয় ক্রিকেট বোর্ডের আপত্তি থাকলেও শশাঙ্ক মনোহরের আইসিসি-র চেয়ারম্যান পদে থেকে যাওয়া নেহাতই সময়ের অপেক্ষা। আজ ক্রিকেটের নিয়ামক সংস্থার তরফে প্রেস বিজ্ঞপ্তি জারি করে আগামী দুই বছরের জন্য মনোহরের মেয়াদ বাড়ার ঘোষণা করে দেওয়া হয়েছে। বিনা প্রতিদ্বন্দ্বিতায় পুনর্নির্বাচিত হওয়ার পর শশাঙ্ক মনোহর বলেছেন, 'আমার কাছে এটা বিরাট সম্মান। আইসিসির সব সদস্যকে ধন্যবাদ দিতে চাই। আগামী দুই বছরে ক্রিকেটের বিশ্বায়ন ঘটানোর পাশে জনপ্রিয়তা আরও বাড়ানোর দিকেও বিশেষ নজর থাকবে আমাদের। ক্রিকেটের অতীত ইতিহাস ও ঐতিহ্য বজায় রাখার চ্যালেঞ্জটা নিতে চাই আমি। আশা করি আইসিসি-র সব সদস্য দেশের সহায়তা পাব আগামীর লক্ষ্যপূরণে।'

পিএসজি-র নতুন কোচ টুচেল

প্যারিস, ১৫ মে ঃ চলতি চ্যাম্পিয়ন্স লিগে প্রি-কোয়ার্টার ফাইনালে রিয়াল মাদ্রিদের কাছে হেরে প্যারিস সাঁ জাঁ-র ছিটকে যাওয়ার পরই তাঁর বিদায় নিশ্চিত হয়েছিল। ঘরোয়া লিগে নেইমারদের দ্বিমুকুট জয়ও সেই ভবিতব্য বদলাতে পারেনি। যার ফলেই এহেন উনাই এমরিকে সরিয়ে পিএসজি-র নতুন কোচ নির্বাচিত হলেন বরুসিয়া ডর্টমুন্ডের প্রাক্তন ম্যানেজার থমাস টুচেল। এমরির বিদায় আগেই নিশ্চিত হয়ে যাওয়ায় পিএসজি-র ম্যানেজার হিসেবে একাধিক বড়ো নাম উঠে এসেছিল। কিন্তু জুভেন্তাসের ম্যাক্সিমিলিয়ানো আলেগ্রি, চেলসির অ্যান্তোনিও কোন্তে, টটেনহ্যাম হটস্পারের মরিসিও পোচেত্তিনোদের টপকে বাজি মেরে দেন ৪৪ বছরের টুচেল। একাধিক রিপোর্টের মতে, ফরাসি ভাষায় কথা বলতে পারা ও অ্যাটাকিং স্টাইলের কোচিংয়ের জন্য বাকিদের টেক্কা দেন টুচেল। আসন্ন ইন্টারন্যাশনাল চ্যাম্পিয়ন্স কাপে বেয়ার্ন মিউনিখের বিরুদ্ধে সাঁ জাঁ-র ডাগআউটে অভিষেক হবে তাঁর। নতুন চ্যালেঞ্জ প্রসঙ্গে টুচেল বলেছেন, 'পিএসজি-র মতো বড়ো ক্লাবের দায়িত্ব পাওয়ায় আমি উত্তেজিত। এটা আমার কাছে বিরাট সম্মানের। একাধিক বিশ্বমানের ফুটবলারের সঙ্গে কাজ করার জন্য মুখিয়ে রয়েছি। শুধু ঘরোয়া সার্কিট নয়, ইউরোপিয়ার মঞ্চে দলকে সাফল্য এনে দেওয়ার জন্য নিজের সেরাটা দেব।' নেইমার, এডিনসন কাভানি, থিয়াগো সিলভাদের হাই প্রোফাইল ড্রেসিংরুমে টুচেল কিভাবে ম্যান ম্যানেজমেন্ট করতে পারেন সেটাই দেখার অপেক্ষায় থাকবে ফুটবল বিশ্ব। তবে টুচেলকে নিয়ে আশাপ্রকাশ করেছেন পিএসজি-র অধিনায়ক সিলভা। তাঁর কথায়, 'টুচেল জার্মান হলেও ফুটবল নিয়ে চিন্তাভাবনা ব্রাজিলিয়ানদের মতো। যা আমাদের সাহায্য করবে।' টুচেলের অন্তর্ভূক্তিকে স্বাগত জানিয়েছেন পিএসজি-র চেয়ারম্যান নাসের-আল খেলাফিও।

তরুণ প্রজন্মকে টানতেই ১০০ বলের ক্রিকেটের প্রস্তাব

লন্ডন, ১৫ মে ঃ ক্রিকেট মাঠে আসার ব্যাপারে উৎসাহিত নয় দেশের তরুণ প্রজন্ম। সেজন্যই ১০০ বলের ক্রিকেটের প্রস্তাব করা হয়েছে। এমনটাই জানালেন ইসিবি চেয়ারম্যান কলিন গ্রেভস। ইংল্যান্ড ও ওয়েলস বোর্ডের (ইসিবি) চেয়ারম্যান ১৫টি সাধারণ ছয় বলের ওভার ও একটি ১০ বলের শেষ ওভার মিলিয়ে মোট ১০০ বলের ক্রিকেটের ফর্মাট গঠনের ডাক দিয়েছেন। এদিন যে প্রসঙ্গে ইসিবি চেয়ারম্যান কলিন জানান, 'তরুণ প্রজন্ম ক্রিকেট নিয়ে উৎসাহ হারাচ্ছে। ব্যাপারটা শুনতে ভালো না লাগলেও এটাই সত্য। বিভিন্ন পরীক্ষামূলক গবেষণায় এমনটাই উঠে আসছে। তরুণ প্রজন্ম অন্য কিছু চাইছে। আরও ছোটো ফর্মাটের, আরও উত্তেজক ও মনোগ্রাহী হয় এমন ক্রিকেট দেখতে চাইছে তারা। সব কাউন্টি ক্লাবের প্রধানই খেলা দেখতে ক্রমাগত তরুণ প্রজন্মের কম আসা নিয়ে চিন্তিত। তাই বাধ্য হয়ে নতুন এই ফর্মাটের কথা ভেবেছি আমরা। যে ফর্মাটে সায় রয়েছে সব কাউন্টি ক্লাবেরই।' ইসিবি চেয়ারম্যান প্রস্তাব দিলেও ১০০ বলের 'হানড্রেড' টুর্নামেন্ট ঘিরে এখনও বিভিন্ন তর্ক-বিতর্ক চলছে। অনেকেই মনে করছেন, আখেরে টি২০-এর থেকেও কম বলের প্রতিযোগিতা এনে আর্থিকভাবে লাভবান হওয়ার দিকে এগোতে চেয়ে আখেরে টেস্ট ও ইংল্যান্ডের কাউন্টি ক্রিকেটকেই বিপন্ন করার দিকে এগোচ্ছে ইসিবি। অবশ্য প্রতিযোগিতা আয়োজনের আগে বিভিন্ন আলোচনা করে একেবারে নিশ্চিত হয়েই তা শুরু করতে চাইছে ইসিবি।

কেরিয়ারে ইতি ভিঞ্চির

রোম, ১৫ মে ঃ নিজের পেশাদার কেরিয়ারে ইতি টানলেন বর্ষীয়ান টেনিস তারকা রবার্তো ভিঞ্চি। সোমবার ইতালিয়ান ওপেনের প্রথম রাউন্ডে হারের সঙ্গে নিশ্চিত হয়ে যায় তার বিদায়। ৩৫ বছরের ইতালিয়ান তারকা হারলেন আলেকজান্ডার ক্রুনিচের কাছে। ম্যাচের ফলাফল ক্রুনিচের পক্ষে ৬-২, ৬-০, ৬-৩। নিজের দীর্ঘ কেরিয়ারে ১০টি সিঙ্গলস খেতাব জিতেছেন ভিঞ্চি। ডাবলসে পাঁচটি গ্র্যান্ড স্ল্যাম রয়েছে তার। এদিন অবসরের কথা ঘোষণার পর ভিঞ্চি বলেন, 'খুব খারাপ লাগছে ঠিকই, তবে টেনিস আমায় যা দিয়েছে, তাতে আমি তৃপ্ত।'

ফ্রেঞ্চ ওপেন জেতার জন্য নামবে সেরেনা, মত কোচের

ওয়াশিংটন, ১৫ মে ঃ সন্তানসম্ভবা থাকাকালীন গতবছর অস্ট্রেলিয়ান ওপেনে কেরিয়ারের ২৩তম গ্র্যান্ডস্ল্যাম জেতেন তিনি। কিন্তু অলিম্পিয়ার জন্মের পর চলতি বছরের মার্চে ইন্ডিয়ান ওয়েলস ও মিয়ামি ওপেনে ব্যর্থ হন। পাশাপাশি শারীরিক কারণে রোম ও মাদ্রিদ মাস্টার্স থেকেও নাম তুলে নিতে বাধ্য হন। যদিও এহেন সেরেনা উইলিয়ামস আসন্ন ফ্রেঞ্চ ওপেন জেতার জন্যই নামবে বলে মত তাঁর কোচ প্যাট্রিক মোউরাতোগ্লুইয়ের। বছরের দ্বিতীয় গ্র্যান্ডস্ল্যামে ছাত্রীর সাফল্য নিয়ে আশাবাদী প্যাট্রিক বলেছেন, 'সেরেনা ফ্রেঞ্চ ওপেন জেতার ক্ষমতা রাখে। এটা ওকে ছয়বছর কোচিং করানোর অভিজ্ঞতা থেকে বলছি। মা হওয়ার পর সেরেনার কিছু শারীরিক সমস্যা ছিল। যার জন্য দুটো টুর্নামেন্টে নামতে পারেনি। কিন্তু এই মুহূর্তে ও ফিট রয়েছে। ফ্রেঞ্চ ওপেনের প্রস্তুতি ঠিকঠাক চলছে।'

এদিকে, হাঁটুর অস্ত্রোপচারের পর সুস্থ না হওয়ায় আসন্ন ফ্রেঞ্চ ওপেন থেকে নাম তুলে নিলেন ফ্রান্সের তারকা জো উইলফ্রেড সঙ্গা। গতমাসে তাঁর হাঁটুতে অস্ত্রোপচার হয়।

মহিলাদের টি২০ প্রদর্শনী ম্যাচও ২২ মে

মুম্বই, ১৫ মে ঃ নজরে মহিলাদের আইপিএল। তার প্রথম ধাপ হিসেবে এক টি২০প্রদর্শনী ম্যাচের আয়োজন করছে ভারতীয় ক্রিকেট বোর্ড। ২২ মে মুম্বইয়ের ওয়াংখেড়েতে আয়োজিত হবে ম্যাচটি সেদিনই সন্ধে ৭ টা থেকে ওয়াংখেড়েতে আইপিএলের প্রথম কোয়ালিফায়ার ম্যাচটি খেলা হবে। আর দুপুর ২টো থেকে হবে মহিলাদের টি২০ চ্যালেঞ্জ ম্যাচ। হরমনপ্রীত কৌর ও স্মৃতি মন্ধনার নেতৃত্বে দুটি দল খেলবে যে ম্যাচে। ভারতের একাধিক খেলোয়াড়ের পাশাপাশি অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড ও ইংল্যান্ডের জাতীয় দলের মহিলা ক্রিকেটাররাও অংশ নেবেন যে ম্যাচে। গত বছর ইংল্যান্ডে আয়োজিত মহিলা বিশ্বকাপে ভারতীয় দল রানার্স আপ হওয়ার পর থেকে এদেশে মহিলা ক্রিকেট নিয়েও দারুণ উৎসাহ তৈরি হয়েছে। বিসিসিআই-ও সেই উৎসাহকে বাড়ানোর পাশাপাশি দেশের মহিলা ক্রিকেটারদের উন্নতির রাস্তা গড়তে চাইছে। সেই লক্ষ্যেই আগামী কয়েকবছরের মধ্যে মহিলা আইপিএল চালু করার কথাও জানিয়েছেন বোর্ডের সিইও রাহুল জহুরী। আইপিএলের কোয়ালিফায়ারের দিনেই বড়ো মঞ্চকে কাজে লাগিয়ে তাই মহিলাদের প্রদর্শনী ম্যাচের মাধ্যমে সেই প্রয়াসের ঢাকে কাঠি পড়তে চলেছে। যে ম্যাচ ঘিরে উচ্ছ্বসিত আইপিএল চেয়ারম্যান রাজীব শুক্লা, সিওএ সদস্য ডায়না এডুলজিরা।

রূপকথার স্বপ্নে বিভোর আসগর

বিরাটের অনুপস্থিতিকে গুরুত্ব দিচ্ছে না আফগানরা

নয়াদিল্লি, ১৫ মে ঃ মাঝে আর মাসখানেক।

১৪ জুনের ঐতিহাসিক মাহেন্দ্রক্ষণের অপেক্ষায় প্রহর গুনছে কাবুলিওয়ালার দেশ। জোরকদমে তারই প্রস্তুতি চলছে আফগানিস্তানে। আইপিএলে খেলার অভিজ্ঞতাকে সঙ্গে নিয়ে যে যুদ্ধে দেশকে দিশা দেখানোর মেজাজে রশিদ খান, মুজিব-উর রহমানরা। বাকিরাও কোমর বাঁধছে অভিষেকের মঞ্চেই রূপকথা তৈরিতে।

আফগানদের অভিষেক টেস্টের স্মরণীয় মঞ্চে একটাই কাঁটা বিরাট কোহলির অনুপস্থিতি। পরবর্তী ইংল্যান্ড সফরের আগাম প্রস্তুতির জন্য কাউন্টি খেলার সিদ্ধান্ত নিয়েছেন ভারত অধিনায়ক। যা নিয়ে ক্রিকেটমহলে তর্ক-বিতর্ক, যুক্তি-পালটা যুক্তি থাকলেও, আফগান অধিনায়ক আসগর স্টানিকজাই 'কোহলি ফ্যাক্টর'-কে গুরুত্ব দিচ্ছেন না। 'ভারতের প্রতিটি প্লেয়ারই ভালো। প্রত্যেকেই বিরাটের মানের। আর আমাদের প্রতিপক্ষ টিম ইন্ডিয়া, বিরাট নয়', বলে দিচ্ছেন আফগান অধিনায়ক।

চিন্নাস্বামীর ডুয়েলে স্পিন স্টানিকজাইয়ের গুরুত্বপূর্ণ সম্পদ হতে চলেছে। রশিদ খানরা তুরুপের তাস হয়ে উঠবেন বলে আশার কথা জানিয়ে স্টানিকজাই আরও বলেন, 'ভারতীয় কন্ডিশন স্পিনের জন্য আদর্শ। ভাগ্যবান আমরা, দলে একাধিক ভালোমানের স্পিনার রয়েছে। ব্যাটসম্যানরাও ছন্দে রয়েছে। গত তিন-চারবছর ধরে টিম কম্বিনেশন গড়ে উঠেছে। লক্ষ্য থাকবে ইতিবাচক ক্রিকেট উপহার দেওয়ার। হার-জিত, ফলাফলকে মাথায় রেখে খেলতে নামব না।'

উগ্রপন্থী হামলায় গোটা দেশ রক্তাক্ত। সেই ক্ষত নিয়েই ক্রিকেট চালিয়ে যাওয়া। স্টানিকজাইয়ের কথায়, 'খুব কঠিন। যখন শুনি, উগ্রপন্থী হামলায় দেশ আক্রান্ত, খুব হতাশ লাগে,' গ্রেটার নয়ডায় নিজেদের প্রস্তুতি শিবিরে বসে জানিয়ে দিলেন আফগান অধিনায়ক। বছর তিরিশের স্টানিকজাইয়ের কথায়, 'আমাদের প্রতিটি জয় গোটা দেশের জন্য অক্সিজেন, মানসিক শক্তি। ক্রিকেটের সাফল্যের রূপকথা তৈরি করে দেশবাসীর দুঃখটা ভোলাতে চাই।'

রিফিউজি থেকে ওয়ার্ল্ড বিটার। শুরুটা হয়েছিল পাকিস্তানে রিফিউজি ক্যাম্পে আফগানদের হাত ধরে। আজ তারাই টেস্ট মর্যাদা পাওয়ার অপেক্ষায়। বছর উনিশেই বিশ্ব কাঁপানো রশিদ খানের মতো বিস্ময় তারকা বেরিয়ে এসেছে বধ্যভূমি থেকে। অবাক করছেন আর এক টিনএজ তারকা মুজিব-উর রহমান। জোড়া স্পিন অস্ত্র সম্পর্কে স্টানিকজাই বলেন, 'দু-জনে দুর্দান্ত খেলছে। ওদের সাফল্যে গোটা দেশ গর্বিত। রশিদ, মুজিব ছাড়াও বেশ কিছু তরুণ স্পিনার রয়েছে, যাদের রশিদকে ছাপিয়ে যাওয়ার মতো প্রতিভা রয়েছে।'

সংক্ষিপ্ত ফর্মাটে ইতিমধ্যেই ছাপ রেখেছে আফগানিস্তান। কিন্তু সাদা পোশাকের টেস্ট আলাদা মঞ্চ। যে মঞ্চে প্রথম ম্যাচেই প্রতিপক্ষ বিশ্বের এক নম্বর দল ভারত। কঠিন চ্যালেঞ্জেও দল নিয়ে আত্মবিশ্বাসী ৮৬টি ওডিআই ও ৫১টি টি২০ ম্যাচ খেলা স্টানিকজাই বলেন, 'গোটা দশেক চার দিনের ম্যাচ খেলার সুযোগ মেলে বছরে। দু'বার আইসিসির ইন্টারকন্টিনেন্টাল কাপ জিতেছি। মানছি টেস্ট আলাদা মঞ্চ। কিন্তু বিরাট পার্থক্য বোধহয় নয়।'

আইজলের দিকে তাকিয়ে বেঙ্গালুরু

ঢাকা, ১৫ মে ঃ শুধু জিতলে হবে না। তাকিয়ে থাকতে হবে গ্রুপের অপর ম্যাচের দিকেও। ঠিক এই পরিস্থিতি এএফসি কাপে গ্রুপ পর্বে শেষ ম্যাচে খেলতে নামছে বেঙ্গালুরু এফসি। ৫ ম্যাচে ১২ পয়েন্ট পেয়ে এই মুহূর্তে গ্রুপের দ্বিতীয় স্থানে রয়েছে তারা। বঙ্গবন্ধু ন্যাশনাল স্টেডিয়ামে ঢাকা আবাহনী ক্লাবের বিরুদ্ধে অ্যাওয়ে ম্যাচে জেতা ছাড়া টানা চতুর্থবার এএফসি কাপের নকআউটে যাওয়ার কোনো পথ খোলা নেই বেঙ্গালুরুর সামনে। যদিও গ্রুপ শীর্ষে থাকা মালদ্বীপের দল নিউ রেডিয়েন্টকে ভারতের অপর দল আইজল এফসি আটকাতে না পারলে বেঙ্গালুরু সব সম্ভাবনা অবশ্য শেষ হয়ে যাবে। বেঙ্গালুরুর মতোই ৫ ম্যাচে ১২ পয়েন্ট পেলেও হেড টু হেডে বেঙ্গালুরুর থেকে এগিয়ে গ্রুপশীর্ষে রয়েছে নিউ রেডিয়েন্ট। আবাহনীর বিরুদ্ধে নামার আগে বেঙ্গালুরু কোচ অ্যালবার্ট রোকা বলছিলেন, 'শুধু নিজেদের ম্যাচে জিতলেই পরের পর্বে যেতে পারব এমনটা নয়। তবে নিজেদের হাতে থাকা কাজটা ভালোভাবে করতেই নামছি আমরা। আবাহনী বেশ কঠিন প্রতিপক্ষ, তাই এই ম্যাচকে হালকাভাবে নেওয়ার কোনো জায়গা নেই।'

শিলিগুড়িতে প্রথম ডিভিশন ফুটবল লিগের সূচনায় খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হচ্ছেন মহকুমা ক্রীড়া পরিষদের সচিব অরূপরতন ঘোষ।

প্রথম ডিভিশন শুরু

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১৫ মে ঃ মহকুমা ক্রীড়া পরিষদের সমীরবিন্দু ধর, মনমোহন পাল ও কল্যানী সান্যাল ট্রফি প্রথম ডিভিশন ফুটবল মঙ্গলবার শুরু হল। উদ্‌বোধনী ম্যাচে কিশোর সংঘ ৫-০ গোলে নেতাজি সুভাষ স্পোর্টিং ক্লাবকে উড়িয়ে দিয়েছে। কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গনে হ্যাটট্রিক করেন গণেশ খাতি। তাঁর গোলগুলি আসে ৩৬, ৮৪ ও ৮৯ মিনিটে। তবে ১২ মিনিটে বিশাল ছেত্রী কিশোরকে প্রথম এগিয়ে দিয়েছিলেন। ৯০ মিনিটে দেবরাজ অধিকারীর গোল কিশোরের জয় নিশ্চিত করে। বুধবার 'বি'গ্রুপের প্রথম ম্যাচে নামবে দাদাভাই স্পোর্টিং ক্লাব ও বিধান স্পোর্টিং ক্লাব। প্রতিযোগিতার উদ্‌বোধন করেন পরিষদের কার্যকরী সভাপতি নান্টু পাল, সচিব অরূপরতন ঘোষ, সহসভাপতি জয়ন্ত সাহা, মনোতোষ তালুকদার, ফুটবল সচিব সৌরভ ভট্টাচার্য প্রমুখ।

খেলরত্নে মাপকাঠি কমনওয়েলথে সাফল্য

নয়াদিল্লি, ১৫ মে ঃ গোল্ড কোস্ট কমনওয়েলথ গেমসের সাফল্যকে মাপকাঠি করে খেলরত্ন এবং অর্জুন পুরস্কার প্রাপকদের তালিকা তৈরি করতে উদ্যোগী কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রক। সেক্ষেত্রে ভাগ্যের শিকে ছিঁড়তেই পারে ভারোত্তোলক মীরাবাঈ চানু, সঞ্জিতা চানুর মতো তারকাদের। শুধু মীরাবাঈরাই নন, রাজীব গান্ধি খেলরত্ন পাওয়ার ক্ষেত্রে অনেকটাই উজ্জ্বল সম্ভাবনা জ্যাভলিন তারকা নীরজ চোপড়ার। কমনওয়েলথের পারফরম্যান্সকে যে আলাদা গুরুত্ব দেওয়া হচ্ছে, তা স্পষ্ট করে দেওয়া হয়েছে কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রকের তরফ থেকে। প্রসঙ্গত, খেলরত্ন এবং অর্জুন পুরস্কারের মনোনয়নে মীরাবাঈ-মনোজদের সঙ্গে দৌড়ে রয়েছেন ব্যাডমিন্টন তারকা কিদাম্বি শ্রীকান্ত এবং টেবিল টেনিসে মণিকা বাত্রাও।

সোনা সৌরভের

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১৫ মে ঃ ১১-১৩ মে নয়াদিল্লিতে আয়োজিত সর্বভারতীয় গোজুরিউ ক্যারাটে প্রতিযোগিতায় রামকৃষ্ণ ব্যায়াম শিক্ষা সংঘের সৌরভ মণ্ডল ৫২ কেজি বিভাগে কুমিতে সোনা পেয়েছে। এছাড়াও সৌজাত চক্রবর্তী ৫৩ কেজিতে ও সৌম্যজিৎ শর্মা অনূর্ধ্ব-১৩ বিভাগে কুমিতে ব্রোঞ্জ পেয়েছে। পাশাপাশি৬-১০ বছর বিভাগে কাতাতে ব্রোঞ্জ জিতেছে হিমাংশু বর্মনও। ছাত্রদের সাফল্যে উচ্ছ্বাস প্রকাশ করেছেন দলের কোচ নীরব মণ্ডল।

প্রাক্তনদের সংবর্ধনা

জলপাইগুড়ি, ১৫ মে ঃ জেলা ক্রীড়া সংস্থার ১৮ জন প্রাক্তন কর্মকর্তাকে সংবর্ধনা দেওয়া হবে। সংস্থার সচিব কুমার দত্ত জানিয়েছেন, অনুষ্ঠানটি ২২ মে হবে।

১০৫ পয়েন্টের ফুটবলে চ্যাম্পিয়ন বিদ্রোহী ক্লাব। ছবি ঃ জ্যোতি সরকার

মীনারানি-অনুপমা ট্রফি

চ্যাম্পিয়ন বিদ্রোহী

জলপাইগুড়ি, ১৫ মে ঃ জেলা ক্রীড়া সংস্থার মীনারানি সরকার ও অনুপমা চক্রবর্তী ট্রফি ১০৫ পয়েন্টের ফুটবলে চ্যাম্পিয়ন হল সাহুডাঙ্গির বিদ্রোহী সংঘ। মঙ্গলবার ফাইনালে তারা টাইব্রেকারে ৩-২ গোলে জলপাইগুড়ির এফইউসি-কে হারিয়েছে। নির্ধারিত সময়ে ম্যাচ ১-১ গোলে অমীমাংসিত ছিল। ১৫ মিনিটে সুমন সরকার বিদ্রোহীকে এগিয়ে দেয়। কিন্তু মিনিট দুয়েক বাদে দর্শনীয় গোলে সমতা ফেরায় অমরদীপ লাকরা। ফাইনালের সেরা অমরদীপ। পুরস্কার তুলে দেন সংস্থার যুগ্ম সহসভাপতি ভোলা মণ্ডল, তাপস দত্ত, প্রাক্তন খেলোয়াড় সন্তু চট্টোপাধ্যায়, রণলাল বন্দ্যোপাধ্যায় প্রমুখ।

সুপার ডিভিশন ২৪ থেকে ঃ জেলা ক্রীড়া সংস্থার সুপার ডিভিশন ফুটবল লিগ ২৪ মে শুরু হবে। সংস্থার সচিব কুমার দত্ত জানিয়েছেন, ৮ দলের লিগে খেলবে মিলন সংঘ, এফইউসি, টাউন ক্লাব, জেওয়াইএমএ, জেওয়াইসিসি, রায়কতপাড়া স্পোর্টিং অ্যাসোসিয়েশন, রায়কতপাড়া ইয়ং অ্যাসোসিয়েশন ও নেতাজি মডার্ন। খেলা হবে স্পোর্টস কমপ্লেক্স মাঠে।

শ্রীসান্তদের নিয়ে সিদ্ধান্তের নির্দেশ সুপ্রিমকোর্টের

নয়াদিল্লি, ১৫ মে ঃ দিল্লি হাইকোর্টকে তাদের সিদ্ধান্ত জানানোর নির্দেশ দিল সুপ্রিমকোর্ট। স্পট ফিক্সিং কেলেঙ্কারিতে জড়িত এস শ্রীসান্ত সহ বাকিদের ইশ্যুতে এই পর্যবেক্ষণ দেশের সর্বোচ্চ আদালতের। স্পট ফিক্সিংয়ে জড়িত থাকার দায়ে বিসিসিআই আজীবন নির্বাসিত করেছে শ্রীসান্তদের। সেই রায়ে স্থগিতাদেশ চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন ক্রিকেটাররা। সেই আবেদনের ভিত্তিতেই সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি দীপক মিশ্রের নেতৃত্বাধীন বেঞ্চ হাইকোর্টকে নির্দিষ্ট নির্দেশ দিতে বলেছে।আদৌ ক্রিকেটাররা ক্রিকেট খেলতে পারবেন কিনা, এই দ্বন্দ্ব থেকে তাদের মুক্তি পাওয়া উচিত বলেই মনে করছে সুপ্রিমকোর্ট। যে নির্দেশ না আসা পর্যন্ত কাউন্টি খেলার ইচ্ছা থাকলেও তা হচ্ছে না শ্রীসান্তের। উল্লেখ্য, ২০১৩ আইপিএলে স্পট ফিক্সিং করার জেরে গ্রেফতার হয়েছিলেন এস শ্রীসান্ত, অজিত চান্দেলা ও অঙ্কিত চহ্বান। এদিকে, পাকিস্তান সুপার লিগে স্পট ফিক্সিংয়ের দায়ে নির্বাসনের মুখে পড়তে চলেছেন নাসির জামশেদ। পিএসএলে খেলার সময়ে জাতীয় দলের এই ওপেনার গড়াপেটায় জড়িত হয়েছেন।

সেরা সাগর, মাম্পি

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১৫ মে ঃ দার্জিলিং জেলা ক্যারম (২৯ ইঞ্চি) সংস্থার সহযোগিতায় শিলিগুড়ি পুরনিগম আয়োজিত ইনডোর-আউটডোর গেম ফেস্টিভে অনূর্ধ্ব-১৫ছেলেদের সিঙ্গলস ক্যারমে চ্যাম্পিয়ন হল সাগর কবিরায়। একই বয়স বিভাগে মেয়েদের চ্যাম্পিয়ন মাম্পি কোদালিয়া। সাগরের পরে অনূর্ধ্ব-১৫ ছেলেদের প্রথম ছয়ে শেষ করেছে যথাক্রমে শোভরাজ ভট্টাচার্য, রাজা ভক্ত, আকাশ দাস, নৃপেন্দ্রকিশোর পাল ও মনোতোষ রায়। মাম্পির সঙ্গে মেয়েদের সেরা ছয়ে জায়গা পেয়েছে যথাক্রমে জয়া দেবনাথ, সুস্মিতা দাস, সাথী সাহা, নবনীতা মণ্ডল ও সুনামি রায়। অনূর্ধ্ব-১৭ মেয়েদের চ্যাম্পিয়ন অঙ্কিতা সরকার। রানার্স আবিরা ভৌমিক। দুজনেই দার্জিলিং জেলা ক্যারম (২৯ ইঞ্চি) সংস্থার। অনূর্ধ্ব-১৫মেয়েদের প্রথম দুটি স্থানও তাদের দখলে এসেছে। পরবর্তী চারটি জায়গা পেয়েছে হাকিমপাড়া বালিকা বিদ্যালয়। ছেলেদের সেরা ছয়ের সবাই জগদীশচন্দ্র বিদ্যাপীঠের। ক্যারম সংস্থার সচিব অতনু চৌধুরি বলেছেন, 'পর্যাপ্ত প্রতিযোগী না থাকা অনূর্ধ্ব-১৭ ছেলেদের বিভাগ বাতিল করতে হয়েছে। অনূর্ধ্ব-১৭ মেয়েদের বিভাগে যথেষ্ট প্রতিযোগী না থাকায় অন্য বিভাগের মতো ছয়জনকে নয়, শুধু দুজনকে পুরস্কারের জন্য বাছাই করা হয়েছে।'